

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৯৫.১৬- ৫১৩

তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রিঃ

অফিস আদেশ


জনাব হাজিরা খাতুন, স্বামীঃ মোঃ আঃ রশীদ, স্থায়ী ঠিকানা- গ্রামঃ আম্বুটা, পোঃ আম্বুটা, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত ইরেসপো প্রকল্প হতে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'তে স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৭৯ তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ মূলে জারিকৃত আদেশ মূলে চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে মাঠ সংগঠক হিসেবে স্থানান্তর করা হয়।

২। জনাব হাজিরা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, মনিরামপুর, যশোর কর্তৃক কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত পাশবহি পরিবর্তন করে নতুন পাশবহি ইস্যু, ইচ্ছাকৃতভাবে সুফলভোগী সদস্য হতে ঋণ ও সঞ্চয় আদায়ের তথ্য পাশ বহিতে পোষ্টিং না দেয়া ও পাশবহি ঘষামাজা/ সঠিক পোষ্টিংকৃত পৃষ্ঠা ছিড়ে ফেলে নতুন পৃষ্ঠায় মনগড়া পোষ্টিং দিয়ে তাঁর রকভুক্ত ১২ টি সমিতির সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের মোট ১৩০১২১১.০০ (তের লক্ষ এক হাজার দুইশত এগার) টাকা কর্মসূচি'র ব্যাংক হিসাবে জমা প্রদান না করে হস্তমজুদ/আত্মসাত করার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়েছে এবং হস্তমজুদ/আত্মসাত সংক্রান্ত বিষয়ে তাঁর লিখিত স্বীকারোক্তি রয়েছে।

৩। উল্লেখ্য, জনাব হাজিরা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, মনিরামপুর, যশোর কর্তৃক বিগত ২০১৬ খ্রিঃ এ অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ ও সুফলভোগী হতে আদায়কৃত অর্থের ৩৫৪১৯০.০০ টাকা হস্তমজুদ/আত্মসাতের বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং পরবর্তীতে হস্তমজুদ/আত্মসাতের বিষয়ে লিখিত স্বীকারোক্তিপূর্বক হস্তমজুদ/আত্মসাতকৃত অর্থ জমা প্রদান ও ভবিষ্যতে তার দ্বারা প্রকল্পের কোন ক্ষতি সাধিত হলে চাকুরী হতে অব্যাহতিসহ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন প্রশাসনিক ব্যবস্থা মেনে নিবেন মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার প্রদান করায় ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হয়। তদুপরি, তিনি পুনরায় সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের মোট ১৩০১২১১.০০ (তের লক্ষ এক হাজার দুইশত এগার) টাকা কর্মসূচি'র ব্যাংক হিসাবে জমা প্রদান না করে হস্তমজুদ/আত্মসাত করেছেন।

এমতাবস্থায়, জনাব হাজিরা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, মনিরামপুর, যশোর কর্তৃক সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের মোট ১৩০১২১১.০০ (তের লক্ষ এক হাজার দুইশত এগার) টাকা কর্মসূচি'র ব্যাংক হিসাবে জমা প্রদান না করে পুনরায় হস্তমজুদ/আত্মসাতকরাসহ হস্তমজুদ/আত্মসাতের বিষয়ে তাঁর লিখিত স্বীকারোক্তি থাকায় কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ২(ঙ) শর্তানুযায়ী কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এছাড়া বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাতকৃত অপরিশোধিত ২১২২১৯.০০ টাকা আগামী ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানসহ ভবিষ্যতে তাঁর কর্মকালীন কোন হস্তমজুদ/আত্মসাত এর তথ্য উৎঘাটিত হলে তা জনাব হাজিরা খাতুন'কে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে হস্তমজুদ/আত্মসাতকৃত সরকারী অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৯৫.১৬- ৬১৬


তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব হাজিরা খাতুন, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
স্থায়ী ঠিকানাঃ স্বামীঃ মোঃ আঃ রশীদ, স্থায়ী ঠিকানা- গ্রামঃ আম্রঝুটা, পোঃ আম্রঝুটা, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক